আইটি ক্যারিয়ার গড়তে মাইক্রোসফট সার্টিফিকেশন

বিশ্বের সবচেয়ে বড় কোম্পানী মাইক্রোসফট তার বিভিন্ন সফটওয়্যার ও প্ল্যাটফর্মে দক্ষতার সনদ হিসেবে বিভিন ধরনের পরীক্ষা নিয়ে থাকে। আর এসব পরীক্ষায় পাসের মাধ্যমে কেউ হতে পারেন মাইক্রোসফট সার্টিফায়েড প্রফেশনাল। তবে নেটওয়ার্কিং এক্সপার্ট, ডাটাবেজ ডেভেলপার ও সল্যুশন ডেভেলপারদের জন্য রয়েছে মাইক্রোসফটের ভিন্ন ভিন্ন সার্টিফিকেশন। মাইকোসফটের এসব সার্টিফিয়েড প্রফেশনালরা বিশ্বের যেকোন স্থানে যোগ্যতার হিসেবে অন্যদের চেয়ে বেশি মূল্যায়িত হবেন।

ক্যারিয়ার গাইড

এমসিসি হতে হলে হাতে কলমে প্রশিক্ষণ খুবই জরুরী

বিশ্বের সবচে' বড় সফটওয়্যার নির্মাতা মাইক্রোসফট প্রায় সব ধরনের সফটওয়্যারই তৈরি করে থাকে। তাই মাইক্রোসফট তাদের পণ্যের ওপর বিভিন্ন ক্যাটাগরিতে প্রফেশনালদের সার্টিফায়েড করে থাকে। এই ক্যাটাগরি ও ক্যাটাগরিভুক্ত সার্টিফিকেশনগুলো হলো–

মাইক্রোসফট সার্টিফাইড সিস্টেম ইঞ্জিনিয়ার (MCSE)

মূলত মাইক্রোসফট উইন্ডোজ ২০০০ প্ল্যাটফর্ম কিংবা মাইক্রোসফট নেট এন্টারপ্রাইজ সার্ভারে দক্ষ প্রফেশনালদের জন্যই এই সার্টিফিকেট। আরো বিস্তারিতভাবে সিস্টেম ইঞ্জিনিয়ার, টেকনিক্যাল সাপোর্ট ইঞ্জিনিয়ার, সিস্টেম অ্যানালিস্ট ও টেকনিক্যাল কনসালটেন্টদের জন্য এই সার্টিফিকেট।
এই সার্টিফিকেট অর্জন করতে চাইলে পাঁচটি কোর/মূল এক্সাম পাস করতে হবে। যার চারটিই অপারেটিং সিস্টেমের ওপর ও একটি নেটওয়ার্ক ডিজাইনিংয়ের ওপর। আর পাঁচটি কোর এক্সামের পাশাপাশি দু'টি ইলেকটিভ বিষয়ের পরীক্ষাও পাস করতে হবে। অর্থাৎ MCSE অর্জন করতে চাইলে মোট ৭টি পরীক্ষা পাস করতে হবে। আর এর যেকোনো একটি পাস করলেই MCP হওয়া যাবে।

মাইক্রোসফট সার্টিফাইড সিস্টেম এডমিনিস্ট্রেটর (MCSA)

এটি মাইক্রোসফটের অপেক্ষাকৃত নতুন সার্টিফিকেট–যা বর্তমান বিশ্বে সবচে' বেশি সমাদৃত। MCSE-এর সাথে MCSA সার্টিফাইড প্রফেশনালদের পার্থক্য হলো MCSE-কে ধরে নেয়া হয় একটি নতুন নেটওয়ার্ক নিয়ে সেটআপ করে নিয়ে রক্ষণাবেক্ষণ করবে। অন্যদিকে MCSA-কে ধরা হয়, তিনি আগেই সেটআপ করা আছেন এমন নেটওয়ার্কের দায়িত্ব নিতে সক্ষম। MCSA হতে চাইলে তিনটি কোর এক্সাম ও একটি ইলেকটিভ এক্সাম পাস করতে হবে।

মাইক্রোসফট সার্টিফাইড সলিউশন ডেভলপার (MCSD)

MCSD বর্তমানে শুধু নেট টেকনোলজির জন্যই প্রদান করা হয়। যেসব প্রোগ্রামার ও ডেভেলপার, এন্টারপ্রাইজ সলিউশন তৈরির জন্য মাইক্রোসফটের ডেভেলপমেন্ট টুলস, টেকনোলজি, প্ল্যাটফর্ম ও নেট ফ্রেমওয়ার্ক ব্যবহার করেন, তারাই MCSD হতে পারেন। এটি মূলত সফটওয়্যার ইঞ্জিনিয়ার, অ্যাপ্লিকেশন অ্যানালিষ্ট, সফটওয়্যার অ্যাপ্লিকেশন ডেভেলপার, সফটওয়্যার ডেভেলপার ও ডেভেলপমেন্ট বিষয়ক টেকনিক্যাল কনসালটেন্টদের সার্টিফিকেট।

মাইক্রোসফট সার্টিফাইড এপ্লিকেশন ডেভেলপার (MCAD)

সফওয়্যার ডেভেলপার কিংবা প্রোগ্রামার হিসেবে মাইক্রোসফটের দ্বিতীয় সার্টিফিকেশন হলো MCAD। MCSD-এর সাথে MCAD-এর টেকনিক্যাল কিছু পার্থক্য থাকলেও MCAD এবং MCSD-র মূল বিষয়বস্তু একই এবং একই প্রফেশনালদের জন্যই এই দু'টি সার্টিফিকেশন প্রযোজ্য। MCAD হতে হলে দু'টি কোর ও একটি ইলেকটিভ এক্সাম পাস করতে হবে।

মাইক্রোসফট সার্টিফাইড ডাটা বেজ এডমিনিস্ট্রেটর (MCDBA)

MCDBA সার্টিফিকেশন মূলত সেইসব ডাটাবেজ অ্যাডমিনিস্ট্রেটর, ডাটাবেস অ্যানালিস্ট ও ডাটাবেজ ডেভেলপারদের জন্য যারা ডাটাবেজ হিসেবে Microsoft SOL Server ব্যবহার করেন। এই সার্টিফিকেশনে ফিজিক্যাল ডাটাবেজ ডিজাইনিং, লজিক্যাল ডাটা মডেলিংসহ ফিজিক্যাল ডাটাবেজ তৈরি ও T-SOL ব্যবহার করে অন্যান্য ডাটাসার্ভিস প্রদান এবং ডাটাবেজ ম্যানেজমেন্ট ও মেইনটেইনসহ ডাটাবেজের সিকিউরিটি সংক্রান্ত সব বিষয়ই যাচাই করা হয়।

মাইক্রোসফট সার্টিফাইড প্রফেশনাল (MCP)

মাইক্রোসফট সার্টিফিকেশনের প্রথম ধাপটিই হলো MCP। যেকোনো আইটি প্রফেশনাল মাইক্রোসফটের কোনো একটি পণ্যের ওপর কোনো পরীক্ষা পাস করলেই MCP হিসেবে গণ্য হন। অর্থাৎ MCSE, MCSD, MCSA, MCDBA, MCSE+1, MCP+SB প্রতিটি সার্টিফিকেশনেরই প্রথম ধাপটি হলো MCP।
উল্লিখিত, ট্র্যাকগুলো ছাড়াও একজন তার চাহিদা অনুযায়ী যেকোনো বিষয়ের পরীক্ষা পাস করেই MCP হতে পারেন। যেমন– Exchance 2000 Server পরিচালনার জন্য কেউ MCSE না হয়েও শুধু Exchange 2000 Server বিষয়ে MCP হয়ে কাজ করতে পারেন। মূলত MCP বড় সার্টিফিকেশনের খরচও অনেক কমিয়ে দেয়।

কোথায় শিখবেন?

মাইক্রোসফটের এসব সার্টিফিকেশন পেতে হলে প্রচুর পড়ালেখা ও হাতে কলমে প্রশিক্ষণ নেয়া জরুরী। এজন্য আপনি ইচ্ছা করলে যেকোন মানসম্পন্ন ট্রেনিং প্রতিষ্ঠানে যোগাযোগ করতে পারবেন। এখানে বেশ কয়েকটি উল্লেখযোগ্য প্রতিষ্ঠানের নাম দেয়া হলো–

সিসটেক কম্পিউটার এডুকেশন বাড়ী-২৫/বি, রোড-৯/এ, ধানমন্ডি, ঢাকা। ফোন-৯১৩৪৪৩৯, ০১৮-২২২০০২
ডেস্কটপ কম্পিউটার কানেকশন, ১৪৬/২, নিউ বেইলী রোড, ঢাকা। ফোন-৯৩৩০৭৬৫
ডটকম সিস্টেমস্, বাড়ী-৬৬৭/এ, রোড-৩২, ধানমন্ডি, ঢাকা। ফোন-৯১২৩৮৬৪
ইনফরমেটিকস্, বাড়ী-৬৭, রোড-৫/এ, ধানমন্ডি, ঢাকা। ফোন-৯৬৭০৭৭৫
বিবিআইটি, ১২৬, এলিফ্যান্ট রোড, (বাটা সিগনাল), ঢাকা। ফোন-৯৬৬২৯০১। ❑ মারুফ হোসেন

উইন্ডোজ ও মাইক্রোসফট অফিসের বাংলা সংস্করণ!

এ বছরের অক্টোবর নাগাদ জনপ্রিয় অপারেটিং সিস্টেম উইন্ডোজ এবং অফিস ব্যবস্থাপনার সফটওয়্যার প্যাকেজ মাইক্রোসফট অফিসের বাংলা সংস্করণ প্রকাশিত হবে। মূলত ভারতের পশ্চিমবঙ্গ এবং বাংলাদেশের কম্পিউটার ব্যবহারকারীদের লক্ষ্য করেই এই সংস্করণ তৈরী করবে শীর্ষ সফটওয়্যার নির্মাতা মাইক্রোসফট করপোরেশন।

পশ্চিমবঙ্গের তথ্যপ্রযুক্তি মন্ত্রী মানব মুখোপাধ্যায় গত সপ্তাহে কলকাতায় সাংবাদিকদের এ তথ্য জানান। এ সময় তার সঙ্গে মাইক্রোসফট ইন্ডিয়ার প্রেসিডেন্ট রাজিব নায়ার উপস্থিত ছিলেন। মানব মুখার্জি আরো জানান, গত আগষ্ট মাসে মাইক্রোসফটের সঙ্গে পশ্চিমবঙ্গ সরকারের স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী মাইক্রোসফটের চেয়ারম্যান বিল গেটস উইন্ডোজ ও অফিসের বাংলা সংস্করণ তৈরীর প্রস্তাব অনুমোদন করেছেন। পশ্চিমবঙ্গ সরকারের ই-গভর্নেন্স কর্মসূচীতে সহায়তা করছে মাইক্রোসফট। এর আগে উইন্ডোজ ও অফিসের হিন্দি ও তামিল সংস্করণ প্রকাশিত হয়েছে। এদিকে মাইক্রোসফট বাংলার জন্য একটি কি-বোর্ড লে-আউটও তৈরী করছে। তবে তা ভারতীয় বিশেষজ্ঞদের পরামর্শেই। ❑ তথ্য প্রযুক্তি ডেস্ক।

তথ্যপ্রযুক্তি বিষয়ক চাকুরী

✪ পদ–গবেষক (ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস্)
যোগ্যতা-যেকোন বিষয়ে স্নাতক ডিগ্রীসহ ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস্ অথবা কম্পিউটার ইনফরমেশন সিস্টেমস-এ ডিপ্লোমা। এমএস ওয়ার্ড, একসেল, একসেস্, এসপিএসএসসহ বিভিন্ন কম্পিউটার এপ্লিকেশনস্-এ কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।
যোগাযোগের শেষ তারিখ: ১৫ই জানুয়ারী, যোগাযোগ-বিজ্ঞাপনদাতা, জিপিও বক্স-৬৪, রমনা, ঢাকা-১০০০।
(তথ্যসূত্রঃ জনকণ্ঠ, ২৯শে ডিসেম্বর)

✪ পদ–কম্পিউটার অপারেটর
যোগ্যতা-যেকোন বিষয়ে স্নাতক। ডাটা প্রসেসিং এন্ড প্রোগ্রামি-এ ৩ বছরের অভিজ্ঞতা।
যোগাযোগের শেষ তারিখ- ১৫ই জানুয়ারী, যোগাযোগ-প্রজেক্ট ডিরেক্টর, ন্যাশনাল লোটে জয়েন্ট ভেঞ্চার, ন্যাশনাল প্লাজা, (৯তলা, ১/জি, ফ্রি স্কুল ষ্ট্রিট, সোনারগাঁও রোড, ঢাকা-১২০৫।
(তথ্যসূত্রঃ ইত্তেফাক, ২৯শে ডিসেম্বর)

✪ পদ–কম্পিউটার অপারেটর
যোগ্যতা-এইচএসসি পাস। এমএস ওয়ার্ড, এক্সএল, পাওয়ার পয়েন্ট-এর কাজ জানা থাকতে হবে।
যোগাযোগের শেষ তারিখ- ১০ই জানুয়ারী. যোগাযোগ-পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও প্রশিক্ষণ), ও প্রকল্প পরিচালক ৪০টি ফায়ার ষ্টেশন নির্মাণ প্রকল্প, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদফতর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা। (তথ্যসূত্রঃ ইত্তেফাক, ২৯শে ডিসেম্বর)

✪ পদ–কম্পিউটার অপারেটর
যোগ্যতা-যেকোন বিষয়ে স্নাতক। উইন্ডোজ ৯৮ প্ল্যাটফর্ম ও মাইক্রোসফট অফিস, সফটওয়্যারের কাজে দক্ষত হতে হবে।
যোগাযোগ-ম্যানেজার, (এইচআরডি) ফ্লোরা লিমিটেড, কর্পোরেট হেড কোয়ার্টার আদমজী কোর্ট এনেক্স-২, (৫ম তলা), ১১৯-১২০, মতিঝিল, ঢাকা।
(তথ্যসূত্রঃ ইত্তেফাক, ৩রা জানুয়ারী)।